দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 NOV 2016
পৃষ্ঠা ১৩ কলাম ২



— ইত্তেফাক

বানারীপাড়া (বরিশাল) : ২০১২ সালে নির্মিত দৃষ্টিনন্দন উপজেলার পশ্চিম গাভা কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়টি শিক্ষার্থী, শিক্ষক ও রক্ষকবিহীন অবস্থায় পড়ে আছে

# বানারীপাড়ায় ভবন আছে শিক্ষার্থী ও শিক্ষক নেই

■ বানারীপাড়া (বরিশাল) সংবাদদাতা

বানারীপাড়া সরকারি অনুমোদন নেই অথচ বিদ্যালয় ভবন। উপজেলার পশ্চিম গাভা কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়টি গত ২৩ বছর ধরে শিক্ষার্থী ও শিক্ষকবিহীন পড়ে আছে।

সরকারি বিদ্যালয় হবে এ আশায় স্থানীয় কয়েকজন মিলে ১৯৯৩ সালে কাগজ কলমে বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন। পরবর্তীতে ওই বিদ্যালয়ের কার্যক্রম না থাকায় রেজিস্ট্রেশন বা সরকারি হয়নি। এমনকি উপজেলা শিক্ষা দপ্তরে পশ্চিম গাভা কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় নামে কোনো বিদ্যালয় নেই। অলৌকিকভাবে বিদ্যালয়টি ২০১২ সালে উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে এবং এলজিইডির বাস্তবায়নে প্রায় ৭০ লাখ টাকা ব্যয়ে দৃষ্টিনন্দন বিদ্যালয় ভবন নির্মাণ করা হয়। যা এলাকার জনসাধারণ এবং প্রথমিক শিক্ষা বিস্তারে কোনো কাজে লাগছে না। বরং ওই বিদ্যালয় ভবনটি এখন পরিণত হয়েছে সমাজ বিরোধী ও মাদকসেবীদের নিরাপদ আস্তানায়। এমনকি ওই বিদ্যালয়টি উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণেও নেই। বানারীপাড়ায় অনেক বিদ্যালয় রয়েছে যেখানে ৪/৫শ শিক্ষার্থী পড়াশুনা করছে। যাদের বসার সংকুলান হচ্ছে না।

ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার মনিবর রহমান জানান বিদ্যালয়টি উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তালিকায় নেই। তবে কিভাবে বিশাল পরিমাণ অর্থ ব্যয়ে বিদ্যালয় ভবন নির্মাণ হলো তা আমারও বোধগম্য নয়।